

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

স্মারক: ২২.০০.০০০০.০৫১.১১.০০১.১৭-২৬৭

তারিখ: ১২ এপ্রিল ২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (সরকারি বিধি মোতাবেক) প্রত্যেক পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে নির্ধারিত বেতন স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:


ক্রম	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন
১.	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩, টা. ১১,০০০-২৬,৫৯০/-	৪ (চার) টি (তন্মধ্যে ৩টি পদ মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। (গ) সাঁটলিপি-তে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে। (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে। (ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	সমগ্র বাংলাদেশ
২.	কম্পিউটার অপারেটর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৩, টা. ১১,০০০-২৬,৫৯০/-	২ (দুই) টি (তন্মধ্যে ১টি পদ মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী (বিজ্ঞান বিভাগের প্রার্থীরা অগ্রাধিকার পাবেন)। (খ) বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকলে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।। (গ) কম্পিউটার অপারেটর হিসেবে Aptitude test-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।	সমগ্র বাংলাদেশ
৩.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৬, টা. ৯,৩০০-২২,৪৯০/-	২ (দুই) টি (তন্মধ্যে ১টি পদ মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য)	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। (গ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দ থাকতে হবে। (ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	সমগ্র বাংলাদেশ
৪.	অফিস সহায়ক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-২০, টা. ৮,২৫০-২০,০১০/-	৩(তিন) টি (তন্মধ্যে ২টি পদ মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের জন্য)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সমগ্র বাংলাদেশ

শর্তাবলি:

- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমটি www.moef.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।
- দরখাস্ত আগামী ১১/০৫/২০১৭ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে যুগ্ম-সচিব (প্রশাসন), পরিবেশ ও বন মন্ত্রণালয়, ভবন নং-৬, কক্ষ নং-১৩১০, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।
- আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
(ক) আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং প্রার্থীর ঠিকানা সম্বলিত ৯.৫x৪.৫ ইঞ্চি বিশিষ্ট ১টি খামের সাথে ৬ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিট সংযুক্ত করতে হবে;

- (খ) পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর অনুকূলে ১-৪৫০১-০০০১-২৬৮১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নম্বর-১ হতে ৩ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য), ক্রমিক নম্বর-৪ এ বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য), জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানোর মূলকপি আবেদনপত্রে সাথে সংযুক্ত করতে হবে (ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- (গ) প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করতে হবে।

- ০৪। সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অস্থায়ী কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। ১১/০৫/২০১৭ খ্রি. তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) ২০১৪ অনুযায়ী সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীর বেলায় বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণে এস.এস.সি বা সমমানের সনদ বিবেচনা করা হবে, এক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৬। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- ০৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ০৮। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই করে কেবল উপযুক্ত প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।
- ০৯। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ১০। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ১১। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ১৩। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মু. শুকুর আলী
যুগ্ম-সচিব (প্রশাসন)

ও

সভাপতি
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি